

া নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(৫) বান্দার আমল কখন এবাদতে পরিণত হয়?

আমলের মধ্যে যখন দু'টি বস্তু পরিপূর্ণ অবস্থায় পাওয়া যাবে তখন তা এবাদতে পরিণত হবে। (১) আল্লাহকে পরিপূর্ণরূপে ভালবাসা এবং (২) আল্লাহর সামনে পরিপূর্ণভাবে বিনয় ও আনুগত্য প্রকাশ করা। আল্লাহ তাআ'লা বলেনঃ

'আর যারা ঈমানদার, তারা আল্লাহ্কে সবচেয়ে বেশী ভালবাসে''। (সূরা বাকারাঃ ১৬৫) আল্লাহ তা'আলা আরো বলেনঃ

"নিশ্চয়ই মুমিনগণ তাদের পালনকর্তার ভয়ে সদা সম্ভ্রম্ভ থাকে"। (সূরা মুমিনূনঃ ৫৭) আল্লাহ তা'আলা আরো বলেনঃ

"তারা সৎকর্মে ঝাঁপিয়ে পড়ত, আশা ও ভীতি সহকারে আমাকে ডাকত এবং তারা ছিল আমার কাছে বিনীত"। (সূরা আম্বীয়াঃ ৯০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2022

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন